# Times Today BD

আলমগীর হান্নান | খুলনা | 30 March, 2025

খুলনায় মেলা রাসেল ওরফে রাসেল মিয়ার সাথে খুলনা মহানগর যুবদলের সাবেক সাধারণ সম্পাদক নাজমুল হুদা চৌধুরী সাগরের একটি অডিও রেকর্ডিং নিয়ে তোলপাড় চলছে খুলনা বিএনপির রাজনীতিতে।

ওই অডিওতে যুবদল নেতা সাগর মেলা রাসেলের কাছে অর্থ দাবি করেন, তবে কি কারণে ওই অর্থ সাগর চেয়েছেন তা উল্লেখ নেই অডিওতে।

সাগর বলছেন তিনি রাসেলকে টাকা ধার দিয়েছিলেন, সেই টাকা ফেরত চেয়েছেন।তবে শেখ রাসেল ওরফে মেলা রাসেলের কোন বক্তব্য পাওয়া যায় নি।

ভাইরাল হওয়া ওই অডিওতে প্রতি মাসে ৫০ হাজার টাকা করে দেওয়ার কমিটমেন্টের কথা শোনা যায় সাগরের মুখ থেকে।

মার্কেট মালিকের সঙ্গে খুলনা মহানগর যুবদলের সাবেক সাধারণ সম্পাদক নাজমুল হুদা সাগরের ফোনালাপটি কয়েক দিন আগের বলে ধারণা করা হচ্ছে।

২ মিনিটের বেশী ওই অডিওতে ফোনালাপের শুরুতে মার্কেট মালিক রাসেল মিয়াকে উদ্দেশ্য করে সাগর বলছেন, তুমি আমার সঙ্গে যোগাযোগ করছো না, এটা কি ঠিক হচ্ছে তোমার?

এক পর্যায়ে সাগর বলেন, তুমি আমারে প্রথমে বললা ৫০ হাজার করে দিবা পিকচার প্যালেস থেকে।সেদিন বললা না ভাই ৩০ হাজার করে দিব।একটা টাকাও দিলা না।তুমি তো মেলাটেলা করতেছো।

তবে যুবদল নেতা সাগর বলেন, অডিও রেকর্ডে এমন কোন বক্তব্য নেই, যেখানে আমি রাসেলের নিকট চাঁদা চেয়েছি।রাসেলকে ধার দেয়া টাকা মোবাইলে কলের মাধ্যমে চেয়েছি।যা রাসেল রেকর্ড করেছে।সেই বক্তব্যকে কিছু এডিট করে প্রচার করে আমার সামাজিক ও রাজনৈতিক ভাবমূর্তী নষ্ট করার পায়তারা করছে।

তিনি বলেন, আমার দলীয় কতিপয় নেতার এর সাথে জড়িত।যারা চায়নি আমি খুলনা মহানগর বিএনপির সাধারণ সম্পাদক হই।এখনও তারা নানা ষড়যন্ত্র করছে।আগামীতে খুলনা মহানগর বিএনপির পূর্ণাঙ্গ কমিটি গঠন হবে।আমি যেনো কোন পদ না পাই সেই চেষ্টাও করছে ওই চক্রটি।

তিনি বলেন, রাসেল আমার কাছ থেকে টাকা ধার নিয়েছিলো।সেই টাকা ফেরত দেয়ার কথা বলেছি আমি।যা বিকৃতভাবে প্রচার করা হচ্ছে।

তবে এ ব্যাপারে রাসেল মিয়ার মোবাইল বন্ধ থাকায় ধার শোধ না কি চাঁদা দাবি করেছেন সাগর তা জানা সম্ভব হয়নি।

যুবদল অডিও

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:49

URL: https://www.timestodaybd.com/public/khulna/204534009